


বিস্তৃতি

এতদ্বারা অত্র ভেড়ামারা উপজেলার কৃষি যন্ত্র ক্রয়ে আত্মহী/ইচ্ছুক সকল কৃষক/কৃষাণী, কৃষকদল, কৃষি সেবা প্রদানকারী ব্যক্তির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কন্বাইন হারভেস্টার, রাইস ট্রান্সপ্লান্টার, পাওয়ার থ্রেসার, মেইজ শেলার, রিপার ও রিপার বাইন্ডার, ড্রায়ার, পাওয়ার স্প্রেয়ার, পাওয়ার উইডার, সিডার, বেড প্লান্টার, পটেটো ডিগার এবং ক্যারেট ওয়াশার যন্ত্র সরবরাহ করা হবে। উক্ত যন্ত্রগুলো প্রকল্পের নির্ধারিত মূল্যে ক্রয়ের জন্য আগামী ২২/০৮/২০২২ খ্রি. তারিখের মধ্যে উপজেলা কৃষি অফিসার, ভেড়ামারা বরাবর নির্ধারিত ফরমে আত্মহী কৃষকদের নিকট থেকে আবেদন আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, প্রকল্পের নীতিমালা অনুযায়ী ও উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক যন্ত্র ক্রয়ে আত্মহী সকল আবেদনকারী উপস্থিত সকল শর্ত মেনে নিতে বাধ্য থাকবে।

শর্তসমূহ:

- ১। উন্নয়ন সহায়তায় ক্রয়কৃত কৃষি যন্ত্র কমপক্ষে ০৩ (তিন) বৎসর হস্তান্তরযোগ্য নয়। হস্তান্তর করতে হলে ২য় পক্ষকে নির্দিষ্ট উন্নয়ন সহায়তার অর্থ চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে ফেরত দিতে বাধ্য থাকবে।
- ২। যন্ত্রটি কৃষি কাজে সর্বাধিক ব্যবহারযোগ্য।
- ৩। ২য় পক্ষ যন্ত্রটি কৃষি মন্ত্রণালয়ের ব্যবস্থাপনা কমিটি/ সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প/ উপজেলা কৃষি পুনর্বাসন কমিটিকে যে কোন সময় দেখাতে বাধ্য থাকবেন।
- ৪। যন্ত্রের ক্রেতা কর্তৃক নিজ দায়িত্বে যন্ত্র রক্ষণাবেক্ষণ এবং চালু রাখা নিশ্চিত করতে হবে।



(মোঃ শায়খুল ইসলাম)

উপজেলা কৃষি অফিসার

ভেড়ামারা, কুষ্টিয়া।

টেলিফোন: ০২৪৭৭৭৮৪৯১৯




স্মারক নং- ১২.০১.৫০১৫.০০০.১৪.০১৭.২২.৬২৩(৩৮)

তারিখ : ১০/০৮/২০২২ খ্রি:

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুষ্টিয়া।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের প্রতিনিধি ও সভাপতি বাংলাদেশ সমাজতান্ত্রিক দল (জাসদ), ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৭। উপজেলা অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৮। মেয়র, ভেড়ামারা পৌরসভা/চেয়ারম্যান (সকল ইউপি), ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৯। উপসহকারী কৃষি অফিসার (সকল ব্লক), ভেড়ামারা, কুষ্টিয়া।
- ১০। অফিস নথি, অত্র দপ্তর।
- ১১। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।



(মোঃ শায়খুল ইসলাম)

উপজেলা কৃষি অফিসার

ভেড়ামারা, কুষ্টিয়া।

